# উপজেলা পরিষদ কর্যালয়
## ভান্ডারিয়া, পিরোজপুর।

**ভাণ্ডারিয়া উপজেলা পরিষদের আগস্ট/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মিরাজুল ইসলাম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ভাণ্ডারিয়া, পিরোজপুর। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ ও সময় | ঃ | ২৯/০৮/২০২২ খ্রিঃ, বেলা ১২:০০ মিঃ। |
| উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) | ঃ | পরিশিষ্ট-'ক' |
| অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট-'খ' |

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভাণ্ডারিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত ঃ সভায় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের বিভাগওয়ারী কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান হয় ঃ

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সেবা সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। নতুন ভাবে Vision castor যার মাধ্যমে চক্ষু রোগীদের দৃষ্টিশক্তি নির্নয়, চোখের চানি রোগ নির্নয়সহ অনলাইনে বিশেষজ্ঞ ডাক্তারদের মাধ্যমে চিকিৎসা সেবা (সকাল নয়টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত) চালু করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এ্যাম্বুলেন্স ড্রাইভারের বিরুদ্ধে যে অভিযোগ করা হয়েছে তা তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের এ্যাম্বুলেন্স ড্রাইভারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক আগামী মাসিক সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ২ | উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, চলমান আমন মৌসুমে ১০২০০ হেক্টর জমিতে আমন আবাদের লক্ষ মাত্রা নির্ধারিন করা হয়। সেই লক্ষে ১০০০ হেক্টর জমিতে স্থানীয় আমন ৪০ হেক্টর জমিতে উফসী আমন এবং ১ হেক্টর জমিতে হাইব্রীড আমন সহ সর্বমোট ১০৪১ হেক্টর জমিতে আমন বীজ তলা স্থাপন করা হয়েছে। বর্তমানে আমন আবাদ চলামান আছে। প্রায় ৬০% জমিতে আবাদ কার্যক্রম সম্পন্ন হয়েছে। রোপনকৃত ফসলের তেমন কোন রোগবালাই নাই এবং মাঠে পার্চিং(ডাল পোতা) কার্যক্রম অব্যাহত আছে। বাকি বীজ তলার অবস্থা ভালো তেমন কোন রোগ ও পোকামাকড় নাই। রোপন কার্যক্রমে চারা/ বীজ এর কোন ঘাটতি হবে না। রোপা আমন ছাড়া বাকি দন্ডায়মান ফসল ও শাক সবজির সার্বিক অবস্থা ভাল, রোগ ও পোকামাকড় এর উপদ্রব তুলনামূলকভবে কম। প্রতিদিন গড়ে প্রায় শতাধিক কৃষককে তাদের চাহিদা মোতাবেক পরামর্শ প্রদান করা হয় এবং পতিত জমির সঠিক ব্যবহারে মাধ্যমে অপ্রচলিত ফসলের আবাদে কৃষকদেরকে উদ্বুদ্ধ করা হয়। বর্তমান মাসে অত্র উপজেলায় প্রয়োজনীয় রাসায়নিক সারের যথেষ্ট মজুদ রয়েছে এবং কোন প্রকার রাসায়নিক সারের ঘাটতি নাই। দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষ জনক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। উপজেলা কৃষি কর্মকর্তা/উপ-সহকারী কৃষি কর্মকর্তাগনকে সার্বক্ষনিক মাঠে অবস্থান পূর্বক কৃষকগনকে তাদের চাহিদা মোতাবেক যথোপযুক্ত পরামর্শ প্রদানের প্রয়োজনীয় নির্দেশনা দেওয়ার অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, ভান্ডারিয়া ডেইরী ফার্মাস এসোসিয়েশন কর্তৃক ভান্ডারিয়ার মিষ্টির দোকানিরা সাতক্ষীরা থেকে নিম্নমানের ছানা ক্রয় করে মিষ্টি তৈরী করে। মিস্টির মান খুবই খারাপ। ফলে অত্র উপজেলার ডেইরী খামারীরা দুধের দাম অন্য উপজেলার তুলনায় কম পাচ্ছে এ বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ৪ | উপজেলা মৎস্য দপ্তর ঃ উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান ভান্ডারিয়া উপজেলার সরকারি/প্রাতিষ্ঠানিক/এতিমখানার পুকুরে ইউনিয়ন পরিষদ থেকে প্রেরিত তালিকা অনুযায়ী পোনা মাছ অবমুক্ত করা হবে। ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রল্পের আওতায় ৬০জন মৎস্যজীবীকে গরু, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় ১০০ জন মৎস্যজীবীকে গরু এবং ২০টি গ্রুপে বৈধ জাল বিতরণ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন এবং তালিকা প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগনকে অনুরোধ জানান। সকলের সহযোগিতা কামনা করেন। তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |

Scanned with CamScanner

<table>
<tr><td></td><td>উপজেলা প্রকৌশলীর দপ্তরঃ উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির টেন্ডার প্রক্রিয়া আগামী ৩০/০৯/২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করা হবে বলে অবহিত করেন।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে।</td><td>১। উপজেলা প্রকৌশলী, ভান্ডারিয়া।</td></tr>
<tr><td>৬</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে।</td><td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা</td></tr>
<tr><td>৭</td><td>উপজেলা সমাজসেবা দপ্তর ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন ভান্ডারিয়া উপজেলার ০৬ টি ইউনিয়ন এবং ০১ টি পৌরসভার বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের উপবৃত্তি এবং অন্যান্য ভাতাসহ সর্বমোট প্রায় ১৬,২৬৬ জন উপকারভোগীর অনুকূলে G2P পদ্ধতিতে প্রত্যেকের মোবাইলে ভাতা প্রদানের লক্ষ্যে ২০২২-২০২৩ (জুলাই-সেপ্টেম্বর/২০২২) ১ম কিস্তির পেরোল প্রেরন করা করার সার্বিক প্রস্তুতি গ্রহন করা হয়েছে। তিনি আরো বলেন ২০২২-২৩ অর্থ বছরের অতিরিক্ত কোটায় প্রতিবন্ধী ভাতা প্রদানের লক্ষ্যে যাদের প্রতিবন্ধী কার্ড বা সুবর্ন নাগরিক কার্ড রয়েছে তাদের অনলাইনে আবেদন গ্রহন চলছে যা আগামী ১০/০৯/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত উন্মুক্ত থাকবে। তিনি সকলকে সার্বিক সহোযোগীতা করার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে।</td><td>সমাজসেবা কর্মকর্তা</td></tr>
<tr><td>৮</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন আগামী ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ থেকে এস.এস.সি/দাখিল/এস.এস.সি (ভোকেশনাল)/সমমান পরীক্ষা শুরু হবে। মোট ৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে সকলের সহযোগিতা কামানা করেন। ইউনিক আইডির কার্যক্রম চলমান রয়েছে। ভান্ডারিয়া উপজেলার ৫০% শিক্ষার্থীর ইউনিয়ন আইডি ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে। আগামী এক মাসের মধ্যে ১০০% কাজ সম্পন্ন করার জোর চেষ্টা চলছে। শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের অভিভাবকদের নিয়ে মাদক বিষয়ে সভার করার জন্য অনুরোধ জানানো হয়।</td><td>মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা</td></tr>
<tr><td>৯</td><td>উপজেলা শিক্ষা দপ্তর ঃ উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, ৫-১১ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের জন্য সকল ইউনিয়ন ও পৌরসভার প্রতিটি ওয়ার্ডে ২টি করে কেন্দ্র নির্বাচন করতে হবে। এ বিষয়ে পৌর প্রশাসক মহোদয় এবং সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান এর সহয়েগিতা কামনা করেন। প্রাথমিক শিক্ষা পদক ২০২২ প্রদানের নিমিত্ত উপজেলা পর্যায়ে ব্যক্তি ও প্রতিষ্ঠান বাছাই করা হবে। উপজেলা শিক্ষা কমিটির পূর্বের সভার সিদ্ধান্ত অনুযায়ী ভিজিট কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে প্রায় ৬০টি বিদ্যালয় পরিদর্শণ সম্পন্ন হয়েছে। পরিদর্শণে অনেক বিদ্যালয়ে পাঠদানসহ সার্বিক কার্যক্রম সন্তোষজনক পাওয়া যায়। কিছু বিদ্যালয়ে পাঠদানসহ বিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে অনিয়ম পরিলক্ষিত হয়। অনিয়মগুলো নিরসনের জন্য প্রাথমিক পর্যায়ে কারণ দর্শানোর নোটিশসহ সতর্ক করা হয়েছে। অনিয়মের মাত্রা ইতোমধ্যে কমতে শুরু করেছে। ১৪৪ নং উত্তর ভিটাবাড়িয়া সঃপ্রাঃ বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম বন্ধ থাকা প্রসঙ্গে বিগত ১৮/১১/২০১৯খ্রিঃ তারিখের বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, প্রাথমিক ও গণ শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা-এর পরিপত্র অনুযায়ী উক্ত বিদ্যালয়ে বর্তমানে কর্মরত শিক্ষকদের আত্মীকরণের সুযোগ নেই বিধায় ঐ সমস্ত শিক্ষক সরকারি কোন বেতন-ভাতা পায় না। যে কারণে শিক্ষকগণ ২০২২ শিক্ষাবর্ষের জানুয়ারি মাস থেকে বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম বন্ধ রেখেছেন। বিষয়টির সত্যতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট এইউইও কয়েকবার পরিদর্শণ করে ইউইও-এর নিকট পাঠদান বন্ধ থাকার লিখিত প্রতিবেদন জমা দিয়েছেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে।</td><td>পৌর প্রশাসক ও ইউপি চেয়ারম্যানগণ আগামী ৩ (তিন) দিনের মধ্যে কেন্দ্র নির্বাচন করে তালিকা উপজেলা শিক্ষা অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ জানানে হয়। সরকারি পরিপত্র অনুযায়ী প্রাথমিক শিক্ষা পদক ২০২২ প্রদানের নিমিত্ত উপজেলা শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া উপজেলা শিক্ষা কমিটির টিমকে আগামী ৩০ দিনের মধ্যে বাকী সকল বিদ্যালয় পরিদর্শণ সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়। ১৪৪ নং উত্তর ভিটাবাড়িয়া সঃপ্রাঃ বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম বন্ধ থাকার বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন প্রেরণের জন্য শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সভায় জানান যে, ২০২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে ভিটাবাড়ীয়া ৮নং ওয়ার্ডের পাওয়ার হাউজ হতে হাওলাদার বাড়ী ভায়া ৩নং ওয়ার্ডে খলিল সিকদারের বাড়ী হইতে লিয়াকত শিকদারের বাড়ী পর্যন্ত ১০০০ মিটার হেরিং বোন্ড করার জন্য অনুরোধ জানান। ২০২২-২৩ অর্থ বছরে ১ম পর্যায়ে সাধারণ কাবিখার বরাদ্দ প্রদান করা হয়েছে। অর্থ ৩৯,০৯,৯৬৯.২৮ টাকা, চাল ২৬.০৬৬৭ মে.টন, গম ২৬.০৬৬৭ মে.টন। এছাড়া ২০২২-২০২৩ অর্থ বছরে টিআর সাধারণ ১ম পর্যায়ে ৩১,৭১,২৩২.৭০ টন বরাদ্দ প্রদান করা হয়েছে। যাহা উপজেলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নিম্নরুপ বিভাজন করার সিদ্ধান্ত গৃহীহ হয়।
<table>
<tr><th>ইউনিয়নের নাম</th><th>নগত অর্থ (টাকা)</th><th>খাদ্যশষ্য (চাল) মে.টন</th><th>খাদ্যশাস্য (গম) মে.টন</th></tr>
<tr><td>ভিটাবাড়ীয়া</td><td>৪,১৭,৫৮৫/-</td><td>৩.০০০</td><td>৩.০০০</td></tr>
</table></td><td>বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। ভিটাবাড়ীয়া ৮নং ওয়ার্ডের পাওয়ার হাউজ হতে হাওলাদার বাড়ী ভায়া ৩নং ওয়ার্ডে খলিল সিকদারের বাড়ী হইতে লিয়াকত শিকদারের বাড়ী পর্যন্ত ১০০০ মিটার হেরিং বোন্ড করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা</td></tr>
</table>

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| নদমূলা | ৫,০৫,৬৩৮/- | ৩.৪০০ | ৩.৪০০ |
| তেলিখালী | ৫,৭৪,৬০৯/- | ৪.০০০ | ৪.০০০ |
| ইকড়ি | ৫,৭৯,১৪৪/- | ৩.৬০০ | ৩.৬০০ |
| ধাওয়া | ৫,১০,৬৪২/- | ৩.৪০০ | ৩.৪০০ |
| গৌরিপুর | ৫,৪০,৩৫৮/- | ৩.৬০০ | ৩.৬০০ |
| উপজেলা পরিষদ সংরক্ষিত ২০% | ৭,৮১,৯৯৩.২৮/- | ৫.০৬৬৭ | ৫.০৬৬৭ |

গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিখ/কাবিটা) কর্মসূচীর ১ম পর্যায়ের বরাদ্দের বিপরীতে প্রকল্প তালিকা আগামী ০৫/০৯/২২ তারিখের মধ্যে সর্বশেষ সংশোধীত কাবিটা নির্দেশিকা অনুসলন পূর্বক ইউনিয়ন পরিষদের রেজুলেশনসহ প্রকল্প তালিকা দাখল করার জন্য ইউপি চেয়ারম্যান/সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

---

**১১**

**উপজেলা যুব উন্নয়ন দপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তার দপ্তরের আগস্ট/২০২২ মাসের কার্যক্রমসমূহের অগ্রগতির প্রতিবেদন সভায় পেশ করেন।

| ক্রঃ নং | বিবরণ | ঋণের তথ্য | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ২০২২ -২৩ অর্থ বছরে যুব ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা | ৩২,৮০,০০০/- | |
| ০২ | জুলাই/২২ ইং মাস পর্যন্ত ঋণ বিতরণের | | |
| ০৩ | জুলাই/২২ ইং মাসে আদায় যোগ্য টাকা | ২,৩৭,৬১৩/- | |
| ০৪ | জুলাই/২২ ইং মাসে আদায়কৃত টা | ১,৮৪,৬০৩/- | |
| ০৫ | আদায়ের হার | ৭৮% | |
| ০৬ | ঋণ খেলাপী | ১১,২২,৯৭৩/- | |
| ০৭ | খেলাপী ঋণ আদায় | ১২,৫৫৮/- | |
| ০৮ | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | ৩,৩৪,১৪,০০০/- | |
| ০৯ | ক্রমপুঞ্জিত ঋণ আদায়যোগ্য | ৩,২২,৮১,৬৬২/- | |
| ১০ | ক্রমপুঞ্জিত ঋণ আদায়কৃত | ২,৮৪,৩৪,৬৫৭/- | |
| ১১ | ক্রমপুঞ্জিত আদায়ের হার | ৮৮.০৮% | |
| ১২ | প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা (২২--২৩) অর্থ বছর | ৪২০ জন | |
| ১৩ | জুলাই/২২ মাস পর্যন্ত প্রশিক্ষন করা হয়েছে ঃ | | |

বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। বিতরনকৃত ঋণের অর্থ সঠিক সময়ের মধ্যে আদার করার জন্য অনুরোধ জানানো হয়।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

---

**১২**

**উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে।

বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

---

**১৩**

**উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান গত ০৫/০৮/২০২২ তারিখে উপজেলা পরিষদ মাসিক সভায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের ২২.১২.২০২০ তারিখের ৪৭.৬২.০০০০.৪১৩.০৭.০১০. ২০.৭৪৪৭ নং স্মারকের আলোকে দেশের অধিকাংশ উপজেলায় উপজেলা পরিষদ চত্বরে পল্লী ভবন নামে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড এর নিজস্ব ভবন রয়েছে কিন্তু ভান্ডারিয়া উপজেলা বিআরডিবি'র নিজস্ব কোন ভবন নেই। সে কারণে স্থানীয় চাহিদার ভিত্তিতে ভান্ডারিয়া উপজেলায় পল্লী ভবন নামে (৩০ ফুট x ৮০ফুট) আয়তনের একটি চারতলা ফাউন্ডেশন বিশিষ্ট দোতলা ভবন নির্মানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্নিত ভবন নির্মানের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে নতুন অডিটোরিয়ামের পিছন দিকে ৩০ ফুট x ৮০ ফুট বিআরডিবির 'পল্লী ভবন' নামে প্রয়োজনীয় জমি বরাদ্ধ প্রদানে বিষয়ে আলোচনা হয়েছিল। কিন্তু সিদ্ধান্ত গ্রহণ করা হয় নি। অত্র সভায় উপজেলা পরিষদের অভ্যন্তরে নতুন অডিটোরিয়ামের পিছন দিকে ৩০ ফুট x ৮০ ফুট বিআরডিবির 'পল্লী ভবন' নামে প্রয়োজনীয় জমি বরাদ্ধ প্রদানে বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়কে অনুরোধ জানান। তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

উপজেলা পরিষদের অভ্যন্তরে নতুন অডিটোরিয়ামের পিছন দিকে ৩০ ফুট x ৮০ ফুট বিআরডিবির 'পল্লী ভবন' নামে প্রয়োজনীয় জমি বরাদ্ধ প্রদানে বিষয় সর্বসম্মতিক্রম সিদ্ধান্ত গৃহিত হয়। বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

---

**১৪**

**উপজেলা সমবায় দপ্তর ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় তার দপ্তরেরর নিম্নলিখিত অগ্রগতি প্রতিবেদন দাখিল করেন। এছাড়া তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে।

| বিষয় | অগ্রগতি বিবরন | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বিভাগীয় | | বিআরডিবি | | অন্যান্য | মোট | | হার |
| | কেন্দ্রিয় | প্রাথমিক | কেন্দ্রিয় | প্রাথমিক | প্রাথমিক | কেন্দ্রিয় | প্রাথমিক | |
| সমবায় সংখ্যা | ০০ | ৯ | ০১ | ১০১ | ৪৯ | ০১ | ৩১৮ | -- |
| নিবন্ধন | ০০ | ০০ | ০০ | ০১ | ০ | ০০ | ০১ | ১০০% |
| অডিট | ০০ | ১৩ | ০০ | ০০ | ০০ | ০০ | ১৩ | ১০০% |

বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে।

উপজেলা সমবায় কর্মকর্তা

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| সরকারি রাজস্ব অডিট ফি ধার্য | ০০ | ২৭১৬৩ | ৬৬৩৬ | ০০ | ০০ | ৬৬৩৬ | ২৭১৬৩ | -- |
| আদায় | ০০ | ২৭১৬৩ | ৬৬৩৬ | ০০ | ০০ | ৬,৬৩৬ | ২৭১৬৩ | ১০০% |
| সমবায় উন্নয়ন তহবিল ধার্য | ০০ | ৩৪৪২০ | ১৭২৮ | ০০ | ০০ | ১৭২৮ | ৩৪৪২০ | -- |
| আদায় | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০% |
| সমবায় নিজস্ব তহবিল হতে বিনিয়োগ | -- | ৬০৫০৮০০ | -- | -- | -- | -- | ৬০৫০৮০০ | |
| আদায় | -- | ৩২৭৭৯৫০ | -- | -- | -- | -- | ৩২৭৭৯৫০ | ৫৪% |

| | | | |
|---|---|---|---|
| সমাবায় প্রশিক্ষণ | ভ্রাম্যমান - ০০ টি কোর্সে ০০ জন (পুরুষ ০০ জন + নারী ০০ জন) | আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, বরিশালে ০০ জন | |
| | | বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লা - ০০ জন | |
| আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২) | নাম : জুনিয়া হরিনপালা আশ্রয়ন প্রকল্প | আদায়কৃত ঋণ -১৩,৪৪,৫৯০/- | ঋণ আদায়ের ৮২% |
| | সুবিধাভোগী - ১২০০ জন | খেলাপী ঋণ -২,৯৩,৭৭০/- | |
| | প্রকল্প হতে প্রাপ্ত ঋণ- ৭,০০,০০০/- | ঋণ গ্রহিত সদস্য -৮৫ জন | |
| | বিতরণকৃত ঋণ-১৫,১৭,০০০/- | ঋণ খেলাপী সদস্য -৪২ জন | |

| | | | |
|---|---|---|---|
| ১৫ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, ২০২২-২০২৩ অর্থবছরে "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিটি ইউনিয়নে ২৬টি করে পানির উৎস বরাদ্দের সংস্থান রয়েছে। মোট বরাদ্দের ৫০% ইউনিয়ন ওয়াটসন কমিটি অনুমোদন দিবেন যা উপজেলা ওয়াটসন কমিটি চূড়ান্ত অনুমোদন দিবেন। অবশিষ্ট ৫০% স্থানীয় মাননীয় সংসদ সদস্য মহোদয় অনুমোদন দিবেন। "পিরোজপুর জেলাধীন ভাণ্ডারিয়া উপজেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২২-২০২৩ অর্থ বছরে ১৩৬০টি গভীর নলকূপ, ১৬০০টি রেইন ওয়াটার হার্ভেস্টার, ৯০০টি টু ইন পিটল্যাট্রিন, ৬টি পাবলিক টয়লেট এবং ২৩টি রিভার্স অসমোসিস প্ল্যান্ট এর বরাদ্দের সংস্থান রয়েছে। তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শ ক্রমে তালিকা তৈরী/নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | উপজেলা বন বিভাগ ঃ উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ ঃ উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বর্তমানে ভিজিএফ বরাদ্দ প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮ | পরিসংখ্যান বিভাগঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৯ | আনসার ও ভিডিপি কর্মকর্তাঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২০ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ স্টেশন কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় তার কার্যক্রম যথাযথভাবে চালিয়ে নেবার জন্য একটি গাড়ী বরাদ্দ প্রদানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২১ | আমার বাড়ী আমার খামার প্রকল্প ঃ সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার প্রকল্প সভায় জানান তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমন্বয়কারী |
| ২২ | ওজোপাডিকোঃ আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া মহোদয়কে উপজেলা পরিষদের বকেয়া বিদ্যুৎ বিল ব্যক্তিগত তহবিল থেকে পরিশোধ করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন। | প্রতি মাসে বিদ্যুৎ বিল আলাদা আলাদা প্রদান করার জন্য অনুরোধ জানানো হয়। | আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো |
| ২৩ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান অবৈধ বিদ্যুতের সংযোগ বিচ্ছিন্ন করার কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২৪ | চেয়ারম্যান, ভিটাবাড়িয়া ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সূষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, ভিটাবাড়ীয়া ইউপি |
| ২৫ | চেয়ারম্যান, নদমূলা ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সূষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, নদমুলা শিয়ালকাঠী ইউপি |
| ২৬ | চেয়ারম্যান, তেলিখালী ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সূষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান তেলিখালী ইউপি |
| ২৭ | চেয়ারম্যান, ইকড়ি ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সূষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, ইকড়ি ইউনিয়ন পরিষদ |
| ২৮ | চেয়ারম্যান, ধাওয়া ইউনিয়ন পরিষদঃ তিনি উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা ব্যবস্থার উন্নতির জন্য অনুরোধ জানান। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সূষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, ধাওয়া ইউপি |
| ২৯ | চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সূষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদ |

জনাব মোঃ মিরাজুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া পিরোজপুর বর্তমান সরকারের সকল কার্যক্রম সরকারী কর্মকর্তাদের যথাযথ নিয়মনীতি অনুসরণ করে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করেন। সরকারি দপ্তরের কোন সমস্যা থাকলে তাকে অবহিত করার জন্য কর্মকর্তাদের অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

(মোঃ মিরাজুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
ভাণ্ডারিয়া, পিরোজপুর।

স্মারক নং- ০৫.০০.৭৯১৪.০০৪.০৬.০০১.২০২২-

তারিখ ঃ ২৯/০৮/২০২২খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। জনাব আনোয়ার হোসেন মঞ্জু, মাননীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-০২।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, পিরোজপুর।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৯। উপজেলা ................................................ কর্মকর্তা, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১০। চেয়ারম্যান ......................... ইউনিয়ন পরিষদ (সকল), ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১১। জনাব ..........................................................ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১২। অফিস কপি।

২৯/০৮/2022

(সীমা রানী ধর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ভাণ্ডারিয়া, পিরোজপুর।

Scanned with CamScanner